

সারাদেশ

ময়মনসিংহ মেডিকেল অগ্নিকাণ্ড, শিশুসহ ৬ জনের মৃত্যু

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২৬, ০৫:১৬ PM



ময়মনসিংহ মেডিকেল কলেজ (মমেক) হাসপাতালে আগুন লাগার পর আতঙ্কে সিঁড়ি দিয়ে নামার সময় ছড়োছড়িতে শিশুসহ ছয়জনের মৃত্যু হয়েছে। সোমবার (১৪ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টার দিকে হাসপাতালের নতুন ভবনে এই ঘটনা ঘটে।

পুলিশ পাঁচজনের পরিচয় নিশ্চিত করেছে। তারা হলেন হাজেরা বেগম (৫০), শাহজাহান (৪০), রমজান (৩৮), জাহানারা (৫০) ও কুলসুমা (৩৫)। নিহত অন্য একজন শিশুর পরিচয় এখনো জানা যায়নি। জেলার অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মো. আব্দুল্লাহ আল মামুন এই প্রাণহানির বিষয়টি নিশ্চিত করেছেন।

ফায়ার সার্ভিস জানায়, সন্ধ্যা পৌনে ৬টার দিকে নতুন ভবনের আট তলার ছাদে থাকা ১১ নম্বর লিফটের কন্ট্রোল রুমে আগুনের সূত্রপাত হয়। প্রাথমিকভাবে ওভারহিট অথবা শর্ট সার্কিট থেকে আগুন লাগতে পারে বলে ধারণা করা হচ্ছে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

আগুন লাগার পর পুরো ভবনে ধোঁয়া ছড়িয়ে পড়ে। এতে রোগী ও তাদের স্বজনদের মধ্যে তীব্র আতঙ্ক সৃষ্টি হয়। দ্রুত ভবন থেকে বের হওয়ার চেষ্টার সময় সিঁড়িতে ছড়োছড়ি ও বিশৃঙ্খলা দেখা দেয়। এতে কয়েকজন নিচে পড়ে গিয়ে আহত হন।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/mymnsingh-medikele-ognikand-shishush-6-jner-mritju>